দৈনিক ইত্তেফাক

তারিখ: 27 APR 2017
পৃষ্ঠা: ৬ কলাম: ৬

# নতুন বেতন কাঠামোয় অবসর ভাতার দাবি

## বুয়েট শিক্ষকদের অবস্থান ধর্মঘট

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

২০১৫ সালের নতুন বেতন কাঠামো অনুযায়ী অবসর ভাতার দাবিতে অবস্থান ধর্মঘট কর্মসূচি পালন করেছে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) শিক্ষক-কর্মকর্তারা। এর সঙ্গে চলতি মাসের ১৭ তারিখ থেকে প্রশাসনিক কার্যক্রমে অসহযোতিার কার্যক্রমও অব্যাহত রয়েছে। গতকাল মঙ্গলবার বুয়েট শিক্ষক সমিতির আয়োজনে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল ভবনের নিচে এ ধর্মঘট পালন করেন তারা। এতে উপস্থিত ছিলেন বুয়েট শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ফরিদা নিলুফার, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. রাকিবুল হুসাইন, সহ-সভাপতি আব্দুল হাসিব চৌধুরী, বিশ্ববিদ্যালয়ের তড়িৎ ও ইলেকট্রনিক্স প্রকৌশল বিভাগের অধ্যাপক আমিনুল হকসহ বিশ্ববিদ্যালয়ের শতাধিক শিক্ষক-কর্মকর্তা কর্মচারী।

প্রসঙ্গত, চলতি বছরের ১৫ ফেব্রুয়ারি ইউজিসি ঘোষণা দেয়, ২০১২ সালের ১০ জুলাই তারিখের আগে যেসব শিক্ষকের বয়স ৬০ বছর পূর্ণ হয়েছে বা অবসরের পর চুক্তিভিত্তিক নিয়োজিত ছিলেন তাদের ৬০ বছর পূর্তিতেই অবসর গ্রহণ করতে হবে। তাদের ক্ষেত্রে পাবলিক বিশ্ববিদ্যালয় শিক্ষক অবসর গ্রহণ বিশেষ আইন ২০১২ প্রযোজ্য হবে না। তবে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় অর্ডিনেন্সের (১৯৬১) অবসর গ্রহণ সংক্রান্ত ৪৩ ধারা অনুযায়ী বুয়েটের প্রতিষ্ঠালগ্ন থেকে শিক্ষকরা ৬০ বছর বয়সের পর যোগ্যতার ভিত্তিতে সর্বোচ্চ ৬৫ বছর পর্যন্ত চাকরি করার পর অবসর গ্রহণ করেন। পরে অবসরে যাওয়ার সময় প্রাপ্ত স্কেল অর্থাৎ ২০১৫ সালের নতুন বেতন কাঠামো অনুযায়ী অবসর ভাতা পাওয়ার কথা। কিন্তু শিক্ষকরা তা পাচ্ছেন না। ৬০ বছর বয়সের পর বিশ্ববিদ্যালয়ের ২০ জন শিক্ষক ভারপ্রাপ্ত উপাচার্য, সিন্ডিকেট সদস্য, ডিন প্রভৃতি পদে দায়িত্ব পালন করেছেন ও শিক্ষকতায়ও নিয়োজিত রয়েছেন। এই ২০ জন শিক্ষকের ২০১৫ সালের বেতন কাঠামো অনুযায়ী অবসর ভাতা না দিয়ে ২০১২ সালের কাঠামো অনুযায়ী প্রদান করা হচ্ছে।

কর্মসূচিতে অধ্যাপক ফরিদা নিলুফার বলেন, দাবি আদায় না হওয়া পর্যন্ত শিক্ষকদের প্রশাসনিক কাজে অসহযোগিতার কার্যক্রম অব্যাহত থাকবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............
তারিখ.............
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/অবগতার্থে
২৭/৪
স্বাক্ষর